শুক্রবারের

সাতক্ষীরার প্রথম সংবাদপত্র

# দৈনিক কাফেলা

■ THE DAILY KAFELA ■ প্রতিষ্ঠাতা ঃ আব্দুল মোতালেব

■ রেজি-কে.এন ৬৯ ■ ৩৩ তম বর্ষ ■ ৩১৮ সংখ্যা ■ আজ শুক্রবার, ২৬ মাঘ, ১৪৩০ ■ ২৭ রজব, ১৪৪৫ হিঃ ■ ০৯ ফেব্রুয়ারি, ২০২৪ ■ পৃষ্ঠা সংখ্যা ৪ ■ মূল্য ৩.০০ টাকা

জ শুক্রবার

া কোরআন

াহর নামে শপথ করে
তারা কিছুই বলেনি, অথচ
রা কুফরী কথা বলেছিল
লাম গ্রহণের পর কাফের
আর তারা এমন বিষয়ের
রেছিল যা তারা কার্যকর
ারেনি; এটা ছিল শুধু
ক্ষ থেকে এ বিষয়েরই
যে, তাদেরকে আল্লাহ ও
নিজ অনুগ্রহে সম্পদশালী
ছিলেন। বস্তুত যদি তারা
র তাহলে তা তাদের জন্য
: আর যদি তারা মুখ
নেয় তাহলে আল্লাহ
ইহকাল ও পরকালে
াস্তি প্রদান করবেন, আর
তাদের কোন অলী
) থাকবে না, আর কোন
ও থাকবে না।
-আয়াত : ৭১. ; রুকু ২৪

ীয় বাণী

কে সাহায্য করতে মানা
ছিল আমি তাদের প্রতি
ারন তাদের 'না' এর
আমি নিজের কাজ নিজে
ছি। - আইনস্টাইন

# তীব্র গ্যাস সঙ্কটে শিল্পখাতে বাড়ছে এলপিজির ব্যবহার

এফএনএস এক্সক্লুসিভ: তীব্র গ্যাস সঙ্কটে শিল্প-কারখানা চালু রাখতে শিল্পোদ্যোক্তারা তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) সংযোগ বাড়াচ্ছে। ফলে দেশে এলপিজির ব্যবহার বাড়ছে। নিরবচ্ছিন্ন গ্যাস সংযোগ না থাকায় ভারী ও মাঝারি শিল্পের অন্তত পাঁচ শতাধিক কারখানা এখন এলপিজি ব্যবহার করছে। আর বর্তমানে বিভিন্ন খাতের অন্তত এক হাজারের বেশি কারখানায় এলপিজির সংযোগের কাজ চলছে। শিল্পে এলপিজির ব্যবহার বাড়াতে গত নভেম্বরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ খাতের স্টেকহোল্ডারদের নিয়ে একটি বৈঠক হয়। সেখানে শিল্প খাতে এলপিজি ব্যবহারের সম্ভাবনা ... বিভাগ। জ্বালানি বিভাগ এরইমধ্যে নীতিমালার খসড়ার কাজ অনেকটা এগিয়েছে বলে জানিয়েছে। শিল্পোদ্যোক্তাদের সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, শিল্পে এলপিজি ব্যবহারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ এটি প্রাকৃতিক গ্যাসের তুলনায় ব্যয়বহুল। তবে ডিজেলের তুলনায় সাশ্রয়ী। বর্তমানে প্রতি ঘনমিটার গ্যাসের দাম শিল্পে ৩০ টাকা। আর এলপিজির দাম প্রতি কেজি ১১৯ টাকা ৪০ পয়সা, প্রতি লিটারের (অটোগ্যাস) দাম ৬৫ টাকা ৭৬ পয়সা। এ দাম শুধু জানুয়ারির জন্য কার্যকর। শিল্পে গ্যাসের সবচেয়ে বেশি ব্যবহার হয় নিটওয়্যার ফ্যাক্টরিতে। ওসব কারখানার বেশির ভাগ জেনারেটর গ্যাস ও ডিজেলচালিত। আর নিরবচ্ছিন্ন সংযোগ পেতে খরচ বেশি হলেও এলপিজি নির্ভরযোগ্য। দেশে শিল্প-কারখানায় গ্যাসের সংকট দীর্ঘদিনের। এমন অবস্থায় অনেক কারখানাতেই অব্যবহৃত জায়গায় তৈরি করা হচ্ছে এলপিজির অবকাঠামো। যেখানে মাউন্টেড বা গ্যাস স্টোরেজ ট্যাংক বসানো হয়েছে। সূত্র জানায়, দেশের বাজারে ৩০টি দেশী ও বহুজাতিক কোম্পানি এলপিজি সরবরাহে নিয়োজিত রয়েছে। এর মধ্যে বসুন্ধরা, ওমেরা, ফ্রেশ, যমুনা, বিএমসহ আরো কয়েকটি কোম্পানি বাজারজাতের শীর্ষ তালিকায় রয়েছে। বাসাবাড়ির পাশাপাশি শিল্পে এলপিজির ব্যাপক চাহিদা বাড়ছে। সরকারের একটি সুনির্দিষ্ট গাইডলাইন পাওয়া গেলে ...

## বাইডেনের চিঠি নিয়ে হিতাহিত জ্ঞানশূন্য ওবায়দুল কাদের: রিজভী

এফএনএস: প্রধানমন্ত্রী শেখ ... বক্তব্য যাত্রাপালার সংলাপের ঢংয়ে ...



## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাতক্ষীরায় প্রস্তুতি সভা

স্টাফ রিপোর্টার: মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাতক্ষীরায় প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে সাতক্ষীরা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি মূলক সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক মোহাম্মদ হুমায়ুন কবির। অতিরিক্ত জেলা প্রশাসক শেখ মইনুল ইসলামের সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন সাতক্ষীরা জেলার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আতিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মক . মোঃ শামীম ভূঁইয়াসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের প্রধানগন।

প্রস্তুতি সভায় আগামী ১৯ থেকে ২১ ফেব্রুয়ারি তিন দিনব্যাপী একুশে বইমেলাসহ মাসব্যাপী বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হবে বলে জানান জেলা প্রশাসক মোহাম্মদ হুমায়ুন কবির।

## মিয়ানমারের সীমান্তরক্ষীদের দ্রুত ফেরত পাঠানো হবে

এফএনএস: পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র সেহেলী সাবরীন বলেছেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া ...

# নিয়োগ বিজ্ঞপ্তি

সর্বশেষ সরকারি বিধি মোতাবেক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী শূন্যপদে (কাঠামোভুক্ত) রামকৃষ্ণপুর সৈয়দ কামাল বখত মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাকঘরঃ বুঝতলা, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা এরজন্য আয়া পদে (বেতন কোড-২০) নিয়োগ করা হবে। প্রার্থীকে নুন্যতম অষ্টম/ সমমান পাস এবং বয়স ৩৫ বছরের মধ্যে হতে হবে। আগ্রহী প্রার্থীকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখ পূর্বক সদ্য তোলা ০৩ কপি পার্স পোর্ট সাইজের রঙ্গিন ছবি, অষ্টম/ সমমান পাশের সনদের সত্যায়িত ফটোকপি,এনআইডি কার্ডের ফটো কপি, প্রতিষ্ঠান প্রধানের অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকার অফেরত যোগ্য পোস্টাল অর্ডার সহপ্রধান শিক্ষক বরাববর, বিদ্যালয় চলাকালীন সময়ে আবেদন করার জন্য বলা হলো।

প্রধান শিক্ষক

কাবি-১৭/২৪

গোলাম মাওলা রনি ও মো: বজলুর রশীদের কলাম ▸ পৃষ্ঠা-৪

শীতের রসের আনন্দ ▸ পৃষ্ঠা-৭

রূপগঞ্জে সড়কজুড়ে ময়লার ভাগাড় : চারদিকে দুর্গন্ধ ▸ পৃষ্ঠা-৮

নয়া দিগন্ত

শুক্রবার
ঢাকা, ২৬ মাঘ ১৪৩০
২৭ রজব ১৪৪৫
৯ ফেব্রুয়ারি ২০২৪
রেজি. নং ডিএ ৪০০৫
বর্ষ ২০, সংখ্যা ২৫৮, পৃষ্ঠা ১২
মূল্য ১২ টাকা

www.dailynayadiganta.com ■ www.enayadiganta.com ■ facebook.com/nayadiganta

# টাকার সঙ্কটে ভর্তুকির দায় শোধ হচ্ছে বন্ডে

● আশরাফুল ইসলাম

অর্থ সঙ্কটের কারণে সরকার বিদ্যুৎ ও সারের ভর্তুকির দায় পরিশোধ করতে পারছে না। এ দায় পরিশোধে ব্যাংকগুলোকে বিশেষ বন্ডের মাধ্যমে সমন্বয় করতে হচ্ছে। ইতোমধ্যে সাড়ে ১৩ হাজার কোটি টাকার বিশেষ বন্ড ছাড়া হয়েছে। আরো প্রায় সাড়ে ৮ হাজার কোটি টাকার বন্ড ছাড়া হবে। ব্যাংকাররা জানিয়েছেন, এমনিতেই ব্যাংকগুলোতে তারল্য সঙ্কট চলছে। প্রায় প্রতিদিনই বাংলাদেশ ব্যাংকের কাছে হাত পাততে হচ্ছে। কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন উপকরণের মাধ্যমে ব্যাংকগুলোকে নগদ টাকার জোগান দিচ্ছে। গত ৫ ফেব্রুয়ারি ২১ হাজার ১০১ কোটি টাকার জোগান দেয়া হয়েছে। এমনি পরিস্থিতিতে বন্ডের মাধ্যমে ভর্তুকির দায় পরিশোধ করলে ব্যাংকের চলমান তারল্য সঙ্কট আরো বেড়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন বিশ্লেষকরা। পাশাপাশি এসব বন্ডের বিপরীতে কেন্দ্রীয় ব্যাংক থেকে টাকা সরবরাহ করলে মূল্যস্ফীতিও বেড়ে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে।

এ বিষয়ে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম গতকাল নয়া দিগন্তকে জানিয়েছেন, বর্তমানে সরকারের টাকার সঙ্কটের কারণেই ভর্তুকির দায় ব্যাংকগুলোকে পরিশোধ করা হচ্ছে বন্ডের মাধ্যমে। এতে সরকারের ভোক্তাদের ওপর বাড়তি চাপ প্রয়োগ না করে ভর্তুকি কিছুটা কমানো যেতে পারে।

বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক ও ব্র্যাক ব্যাংকের চেয়ারম্যান ড. আহসান এইচ মনসুর এ বিষয়ে গতকাল নয়া দিগন্তকে বলেন, বন্ড ছেড়ে দায় পরিশোধ করার মধ্যে আত্মতৃপ্ত হওয়ার কিছু নেই। সরকার ব্যাংকগুলোকে বন্ড দেবে। ব্যাংকগুলো তারল্য সঙ্কটের কারণে বাংলাদেশ ব্যাংকে তা বন্ধক রেখে রেপোর মাধ্যমে তারল্য সহায়তা নেবে। তিনি মনে করেন, বাংলাদেশ ব্যাংক টাকা ছেপে বাজারে ছাড়লে উল্টো মূল্যস্ফীতির ওপর চাপ বেড়ে যাবে।

অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বর্তমানে সার ও বিদ্যুৎ খাতে সরকারের ভর্তুকি বাবদ প্রায় ৪২ হাজার কোটি টাকা বকেয়া রয়েছে। এর মধ্যে প্রাথমিকভাবে সারে ১০ হাজার ৫০০ কোটি ও বিদ্যুতে ১২ হাজার কোটি টাকা মিলিয়ে ২২ হাজার ৫০০ কোটি টাকার বিশেষ ট্রেজারি বন্ড ইস্যু করতে চায় সরকার। এর মধ্যে সারে ভর্তুকি বাবদ ১০টি ব্যাংক ও বিদ্যুতে ভর্তুকি বাবদ ৩০টি ব্যাংকের অনুকূলে বন্ড ইস্যু করার পরিকল্পনা রয়েছে। বিশেষ বন্ডের মাধ্যমে গত বছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বিপিডিবির কাছে থাকা আইপিপিগুলোর পাওনা অর্থ শোধ করা হয়েছে। সরকার গত বছরের ডিসেম্বর পর্যন্ত বিদ্যুৎ খাতের পাওনা



বিদ্রোহী আরাকান আর্মির হাতে ভূপাতিত মিয়ানমারের সামরিক হেলিকপ্টার ■ নয়া দিগন্ত

## বিদ্রোহীদের গুলিতে মিয়ানমার জান্তা বাহিনীর হেলিকপ্টার ভূপাতিত

● নয়া দিগন্ত ডেস্ক

### সীমান্তের মানুষের ঘুম ভাঙে গুলির শব্দে

## টেকনাফে নেয়া হলো তুমব্রুর ১০১ বিজিপি সদস্যকে, ঘুমধুমে

## মিয়ানমার সৈন্যদের সমুদ্রপথে ফেরত পাঠানো হচ্ছে

● কূটনৈতিক প্রতিবেদক

# আবশ্যক

নিয়োগ বিজ্ঞপ্তি : সর্বশেষ সরকারি বিধি মোতাবেক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী শূন্যপদে (কাঠামোভুক্ত) রামকৃষ্ণপুর সৈয়দ কামাল বখত মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাকঘর ঃ বুঝতলা, উপজেলা ঃ কলারোয়া, জেলা ঃ সাতক্ষীরা এর জন্য আয়া পদে (বেতন কোড-২০) নিয়োগ করা হবে। প্রার্থীকে ন্যূনতম অষ্টম/সমমান পাস এবং বয়স ৩৫ বছরের মধ্যে হতে হবে। আগ্রহী প্রার্থীকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক সদ্য তোলা ০৩ কপি পার্সপোর্ট সাইজের রঙিন ছবি, অষ্টম/সমমান পাশের সনদের সত্যায়িত ফটোকপি, এনআইডি কার্ডের ফটোকপি, প্রতিষ্ঠান প্রধানের অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডারসহ প্রধান শিক্ষক বরাবর, বিদ্যালয় চলাকালীন সময়ে আবেদন করার জন্য বলা হলো।

-প্রধান শিক্ষক।

পিসি-১৮৫/২৪